

■■ সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউভেশন)

হাদিস নাম্বারঃ ১৭০

১/ পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১২১/ চুমু দেওয়ার পর ওযু না করা প্রসঙ্গে

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْمُتَنَّى، عَنْ يَحْيَى بْنِ سَعِيدٍ، عَنْ سُفْيَانَ، قَالَ أَخْبَرَنِي أَبُو رَوْقٍ، عَنْ إِبْرَاهِيمَ التَّيْمِيّ، عَنْ عَائِشَةَ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم كَانَ يُقَبِّلُ بَعْضَ أَزْوَاجِهِ ثُمَّ يُصلِي الله عليه وسلم كَانَ يُقبِّلُ بَعْضَ أَزْوَاجِهِ ثُمَّ يُصلِي ولاَ يَتَوَضَّا أُ. قَالَ أَبُو عَبْدِ الرَّحْمَنِ لَيْسَ فِي هَذَا الْبَابِ حَدِيثٌ أَحْسَنُ مِنْ هَذَا الْحَدِيثِ وَلِا يَتَوَضَّا أُ. قَالَ أَبُو عَبْدِ الرَّحْمَنِ لَيْسَ فِي هَذَا الْبَابِ حَدِيثٌ أَحْسَنُ مِنْ هَذَا الْحَدِيثِ وَإِنَ كَانَ مُرْسَلاً وَقَدْ رَوَى هَذَا الْحَدِيثَ الأَعْمَشُ عَنْ حَبِيبِ بْنِ أَبِي ثَابِتٍ عَنْ عُرُوةَ عَنْ عَائِشَةَ هَذَا وَحَدِيثُ عُرُوةَ عَنْ عَائِشَةَ هَذَا وَحَدِيثُ حَبِيبٍ عَنْ عُرُوةَ عَنْ عَائِشَةَ ثَمُنَا وَإِنْ قَطَرَ الدَّمُ عَلَى الْحَصِيرِ لاَ شَيْءَ.

বাংলা

১৭০। মুহাম্মদ ইবনু মুসান্না (রহঃ) ... আয়িশা (রাঃ) থেকে বর্ণিত যে, রাসুলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম তাঁর জনৈক স্ত্রীকে চুম্বন করতেন পরে সালাত (নামায/নামাজ) আদায় করতেন কিন্তু তিনি উযূ (ওজু/অজু/অযু) করতেন না।

আবূ আবদুর রহমান বলেনঃ এ অধ্যায়ে এর চেয়ে উত্তম হাদীস আর নেই যদিও হাদীসটি মুরসাল। এ হাদীসটি আ'মাশ–হাবীব ইবনু আবূ সাবিত থেকে এবং তিনি উরওয়া থেকে এবং তিনি আয়িশা (রাঃ) থেকে বর্ণনা করেছেন। ইয়াহইয়া কাত্তান বলেনঃ হাবীবের এই হাদীসটি, যা তিনি উরওয়া থেকে এবং উরওয়া আয়িশা (রাঃ) থেকে এই মর্মে বর্ণনা করেছেন যে, "মুস্তাহাযা মহিলা সালাত (নামায/নামাজ) আদায় করবে যদিও রক্তের ফোঁটা বিছানায় টপকায়"- এর কোন গ্রহণযোগ্যতা নেই।*

English

It was narrated from 'Aishah that the Prophet (ﷺ) used to kiss one of his wives then pray without performing Wudu'. Abu 'Abdur-Rahman said: "There is nothing for this chapter which is better than this hadith, even though it is Mursal. And Al-A'mash reported this Hadith from Habib bin Abi



Thabit, from 'Urwah, from 'Aishah. Yahya Al-Qattan said: "This is the Hadith of Habib from 'Urwah, from 'Aishah. And the Hadith of Habib from 'Urwah, from 'Aishah: "She prays even if blood drips on the mat" is nothing.

Grade: Sahih

ফুটনোট

সহীহ, ইবনু মাজাহ হাঃ ৫০২

* সম্ভবত এই জন্য যে, হাবীব ও উরওয়া এর মধ্যে ইনকিতা' রয়েছে। ইমাম তিরমিযী (রহঃ) ইমাম বুখারী (রহঃ) সূত্রে অনুরূপ বর্ণনা করেছেন। তবে ইমাম আবূ দাউদ (রহঃ) হাবীব এর বর্ণনা উরওয়া থেকে, তিনি আয়শা (রাঃ) থেকে এ সনদ দু'টি বিশুদ্ধ বলে মত ব্যক্ত করেছেন। ইমাম আবদুল বার এর মতও তাই। ইমাম যায়লালী এ সনদের অনেক সমর্থন সনদ বর্ণনা করেছেন এবং সনদের সমালোচনার উত্তর দিয়েছেন। ইমাম শাওকানী (রহঃ) বলেছেন, এ হাদিসের সনদ প্রমানিত। [অনুবাদক]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন